মুক্তমনা কি নাস্তিকতা নামের ধর্ম প্রচার করছে?

আমার এক বন্ধু, যিনি মুক্তমনা ও ভিন্নমতসহ বিভিন্ন ফোরামে নিয়মিত অংশ গ্রহন করে থাকেন, জিজ্ঞাসা করলেন, মুক্তমনার নতুন মডারেটর মেহুল কামদারের লেখার উপর জনাব আবুল কাসেমের মন্তব্যটি পড়েছি কিনা? উত্তরে বল্লাম, কাসেম সাহেব চর্বিত জিনিষ চর্বন করেন বিধায় তার লেখা পড়তে উৎসাহ বোধ করিনা। বন্ধুটি জানালেন আলোচ্য লেখায় মুক্তমনার পক্ষ থেকে জনাব কাসেম ধর্মীয় (Religious), দর্শনভিত্তিক (Philosophical), জাতীয়তাবাদী (Nationalistic) ও প্রতিক্রিয়াশীল (Fascistic) এর সব রকম নিপীড়নের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন। (দর্শনভিত্তিক ও জাতীয়তাবাদী) এবং (ধর্মীয় ও প্রতিক্রিয়াশীল) বিষয়সমূহ বিপরীত প্রকৃতির। অতএব দুই বিপরীত প্রকৃতির বিষয়ের বিরুদ্ধে তার জেহাদ ঘোষণা সম্বলিত লেখাটি পড়ার যোগ্য। কাসেম সাহেবের বর্ণিত লেখার সাথে মডারেটরের নোটও যুক্ত হয়েছে। নোট সহ কাসেম সাহেবের উল্লেখিত লেখা (মুক্তমনা ম্যাসেজ নং ২৩৬০৩)টি নিম্নে সংযুক্ত হলো। আলোচনার সুবিধার্থে আমি লেখার কোন কোন অংশে রং যুক্ত করেছি।

Mehul Kamdar wrote:

"I also have a piece of very good news from the Atheist Alliance International convention which I attended along with the site host Mr Alan Levin - Mukto Mona has the fourth highest traffic of any secular website in the world in terms of audited traffic. This is something that everyone has to be proud of from the founders to the members who have made it happen.

"WOW!! I still remember those humble days of MM (about 4-5 yearsback). Those

days there were only a handful of us--you could count them by your fingers--less than 10 I would guess, who toiled relentlessy to lay the foundation of MM. What you see MM of today is the result of those remarkable visionaries. Their vision was a very simple one: to make this world a better place by fighting vigorously against all forms oppression--be that religious, philosophical, nationalistic, fascistic...

I am glad to witness the great success of the tireless effort of those visionaries. Let MM do not forget them.

Abul Kasem

Moderator's note: Thank you very much for this information, Mr Abul Kasem. It would be very valuable if you would please write an article about this history whenever you find time. Thanks in advance and best wishes.

মুক্তমনা মডারেটর বোর্ডের সদস্য গ্রেট নাস্তিক মিঃ এ্যালেন ক্যাভিনের সাথে নাস্তিক জোটের আন্তর্জাতিক সম্মেলনে যোগদান করতে পেরে নব মনোনীত মডারেটর নাস্তিক শ্রী কামদার কৃতার্থ। জনপ্রিয়তার দিক থেকে মুক্তমনাকে চতুর্থ স্থানাধিকারী ধর্ম নিরাপেক্ষ ওয়েব সাইট হিসাবে উল্লেখ করে তার প্রতিষ্ঠাদাতা ফ্যানাটিক

নাস্তিক সদস্যদের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। নাস্তিক কামদার বাবুর কৃতজ্ঞতায় পুলকিত হয়ে মুক্তমনার একজন প্রতিষ্ঠাদাতা সদস্য হিসাবে জনাব আবুল কাসেম জানালেন, হাতে গোনা কয়েকজন সমমনা ফ্যানাটিক নাস্তিকদের প্রচেষ্টায় ওয়েব সাইটি প্রতিষ্ঠিত এবং উদ্দেশ্য হিসাবে ধর্মীয়, দর্শনভিত্তিক, জাতীয়তাবাদী ও প্রতিক্রিয়াশীল নিপীড়নের বিরুদ্ধে জেহাদের কথা উল্লেখ করলেন। ধর্ম নিরাপেক্ষতার ব্যানারে নাস্তিকতা প্রচারের লক্ষ্যে প্রতিষ্ঠিত ওয়েব সাইটির অর্জিত সাফল্যের ইতিহাস লেখার জন্য অন্য আর একজন অধিক পুলকিত ফ্যানাটিক নাস্তিক মডারেটর কাসেম সাহেবকে অনুরোধ জানালেন।

নরবিজ্ঞান (Anthropology) বিষয় যার বিন্দুমাত্র জ্ঞান আছে, তিনি জানেন সভ্যতার উষা লগ্নে মানব সমাজ গঠনে ধর্ম নিয়মকের ভূমিকা পালন করেছে, যা হেনরি লুইস মর্গান তত্ত্ব (সমাজ, ধর্ম ও সংস্কৃতির বিকাশ) এ বর্ণিত হয়েছে। কালের প্রবাহে মিসরের দাস সমাজ ভিত্তিক রাষ্ট্রের পতন ও রোমের উত্থান এবং সমাজ জটিল আকার ধারণ করলে স্বার্থান্বেষী মহলের কারসাজিতে দাস সমাজের ভিত্তির উপর সৃষ্ট রোম সম্রাটের স্থলাভিষিক্ত হয়ে পোপের ভেটিক্যান খৃষ্টীয় যাজকতন্ত্রের আবির্ভাব ঘটে, যা দাস সমাজ থেকে সামান্তবাদে উত্তরণের মধ্যবর্তী কাল। যাজকতন্ত্রের উদর থেকে জাতিসত্তার ভিত্তিতে ইউরোপে সামান্তবাদী রাষ্ট্রের উদ্ভব। সামান্তবাদের স্বৈরশাসনে অতিষ্ঠ মানুষ সাম্য, মৈত্রী ও মুক্তির জন্য ফরাসী বিপ্লবের মাধ্যমে সমাজ পুজিবাদে প্রবেশ করে। পুজিবাদের পূর্ণ বিকাশের পরিনতি সাম্রাজ্যবাদ। সমাজে রাষ্ট্রের উদ্ভব, শ্রেনী সংগ্রাম ও সমাজের বর্ণিত পরিবর্তনের বিধান সমূহ জানা যাবে কার্ল মার্ক্স তত্ত্বে (রাষ্ট্রের উদ্ভব ও বিকাশ এবং বস্তুবাদী ইতিহাস)। মার্ক্সের ব্যাপারে এলার্জি থাকলে পন্ডিত জওহরলাল নেহরুর Glimpse of World History পড়া যেতে পারে। বৃটিশ উপনিবেশিক সাম্রাজ্যবাদ আধুনিক জাতীয়তাবাদী (Nationalistic) রাষ্ট্র গঠনের আন্দোলনকে নস্যাৎ করার জন্য একই বংশভূত (Gene) ভিন্ন ধর্ম বিশ্বাসী মানুষের মধ্যে বিভেদ সৃষ্টির লক্ষ্যে ধর্মকে হাতিয়ার হিসাবে ব্যবহার করে। সংঘঠিত দু'টি বিশ্বযুদ্ধে জয়ী হলেও বৃটিশ তার উপনিবেশ রক্ষা করতে পারেনি। এশিয়া, আফ্রিকা ও লেটিন আমেরিকায় বিভিন্ন জাতীয়তাবাদী আধুনিক রাষ্ট্রের উদ্ভাব ঘটেছে। বর্ণিত ঘটনাগুলি হলো বাস্তব ইতিহাস। আর আমাদের মুক্তমনা ও তার এক মডারেটর জনাব কাসেম জীন ভিত্তিক আধুনিক জাতীয়তাবাদী আদর্শের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করলেন।

দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষে মার্কিন সাম্রাজ্যবাদ অস্তগামী বৃটিশ সাম্রাজ্যবাদের স্থলাভিষিক্ত হয়ে স্নায়ুযুদ্ধ আরম্ভ করে, যাকে কোন কোন ঐতিহাসিক তৃতীয় বিশ্বযুদ্ধ নামে অবিহিত করে থাকেন। সোভিয়েত ইউনিয়নের বিরুদ্ধে স্নায়ুযুদ্ধ কালে নব্য সাম্রাজ্যবাদ আধুনিক জাতীয়তাবাদী ও অর্থনৈতিক মুক্তির লক্ষ্যে পরিচালিত সমাজতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে ইসলাম ধর্মকে ব্যবহার করে ধর্মীয় (Religious) চেতনায় উদ্ভূত প্রতিক্রিয়াশীল তাবেদার সরকার প্রতিষ্ঠায় রত হয়। সোভিয়েত ইউনিয়নের পতনে ইসলাম ধর্মাবলম্বি প্রতিক্রিয়াশীল (Fascistic) জেহাদী অংশ মার্কিন সাম্রাজ্যবাদের কৃপা থেকে বঞ্চিত হয়। ফলে মার্কিন সৃষ্ট ফ্র্যাঙ্কেনটাইন কর্তৃক ৯/১১ এর ঘটনা। ফলশ্রুতিতে মার্কিন প্রশাসন কর্তৃক ইসলাম ধর্মাবলম্বি ১.৩ বিলিয়ন মানুষের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা এবং গণতন্ত্র রপ্তানীর কার্যক্রম গ্রহন করে, যাকে অনেকে চতুর্থ বিশ্বযুদ্ধ হিসাবে আখ্যায়িত করছেন। বৃটিশ ছাড়া মার্কিনীদের এই যুদ্ধে অন্য কোন রাষ্ট্র সমর্থন করেনি।

দর্শনভিত্তিক (Philosophical) বিষয়সমূহ কাল, অর্থনীতি ও সমাজ কাঠোমার সাথে সম্পর্কযুক্ত, বিবর্তনশীল ও আপেক্ষিক। দর্শন মানুষের আদি জ্ঞান, যা প্রানী ও মানুষের বিভাজন রেখা। ভাববাদ বা ধর্ম মানুষের আদি জ্ঞান। প্রায় ছয় হাজার বছর পূর্বে মানুষ তার তদকালীন জ্ঞান দ্বারা সৃষ্টি তত্ত্বের উদ্ভব ঘটিয়েছে। জ্ঞানের

বিবর্তনে একেশ্বরবাদে উপনীত হয়েছে। কাল, সংশ্লিষ্ট অর্থনীতি ও সমাজ কাঠামোর চাহিদা অনুযায়ী মানুষ তার বিশ্বাসের বিবর্তন ঘটিয়ে শাস্ত্র থেকে বিভিন্ন ধর্ম অতিক্রম শেষে ইসলাম ধর্ম সৃষ্টি করে ভাববাদের অগ্রগতির শেষ ধাপে উপনীত হয়েছে। প্রকৃতির নিয়মানুযায়ী সকল ধর্ম বর্তমানে তার মৃত্যুর প্রহর গুণছে। কালের প্রবাহে ভাববাদী দর্শনের সাথে বস্তুর গুণাগুণ, আচরণ ও গতি বিশ্লেষণ করার লক্ষ্যে যুক্তিবাদের আবির্ভাব ঘটেছে। দর্শনের যুক্তিবাদের উপর ভিত্তি করে প্রকৃতি-বিজ্ঞান ও সমাজ-বিজ্ঞানের উদ্ভব হয়।

ডারইউন তত্ত্বে প্রানী জগতের বিবর্তন বর্ণিত হয়েছে। কিন্তু প্রানী কি ভাবে মানুষে রুপান্তর হয়ে পরিবার গঠন করে রাষ্ট্রের ভিত স্থাপন করলো, তা জানার জন্য ফেড্রিক এ্যাঙ্গেলস তত্ত্ব পাঠ করতে হবে। আল্লাহর অস্থিত্বহীনতা প্রমান বস্তুবাদের অংশ প্রকৃতি-বিজ্ঞানের বিষয়বস্তু নয়, রেফারেন্স হিসাবে ব্যবহার করা যেতে পারে। আল্লাহর অস্তিত্ব ভাববাদে বর্ণিত, যা সমাজ বিবর্তনের সাথে সম্পর্কিত। কাল প্রবাহে প্রকৃতি ও সমাজ বিজ্ঞান বিকাশিত হয়ে বর্তমানকালে উপনীত হয়েছে। রাষ্ট্রের উৎস পরিবার, যার ভিত হলো ধর্ম। ধর্মকে পরিবার থেকে বিচ্ছিন্ন করতে হলে সামাজিক বৈষম্য দূর করতে হবে। বিষয়গুলি দর্শন ভুক্ত, উভয় বিজ্ঞানের সাথে সম্পৃক্ত। উভয় বিজ্ঞানকে সমন্বিত ভাবে পর্যবেক্ষণ, চিহ্নিতকরণ, বিশ্লেষণ ও অনুসন্ধান করার আধুনিক হাতিয়ার দর্শনশাস্ত্রের দ্বান্দ্বিক বস্তুবাদ। দেখা যাচ্ছে যে ভাববাদী দর্শন গতি হারালেও বস্তুবাদী দর্শন গতিশীল বিষয়। আর এই গতিশীল বিষয়ের বিরুদ্ধে ফ্যানাটিক মৌলবাদীদের মত জনাব কাসেমও জেহাদ ঘোষণা করে বসেছেন। প্রতিয়মান হাচ্ছে কাসেম সাহেব ও তার সমমনা ফ্যানাটিক নাস্তিকরা দর্শনভিত্তিক ও জাতীয়তাবাদী শব্দ দু'টির অর্থ বুঝেন না এবং বিশ্বাসের উৎসের কারণ জানেন না বিধায় ফ্যানাটিক নাস্তিকে পরিণত হয়েছেন।

মুক্তমনা মডারেটর সাহেবেরা নাস্তিকতা ও ধর্ম নিরাপেক্ষতার মধ্যে তালগোল পাকিয়ে ফেলেন। তাদের বিদ্যার দৌড় এতই নাজুক যে দু'টার পার্থক্য নির্ণয় ব্যর্থ হন। তারা বুঝতে পারেন না যে, যারা ডুডু খান তারা টামুক খান না। সরবৎ ও সিরার পার্থক্য বুঝলে, ধর্ম ও ধর্মীয়ের পার্থক্য বুঝবেন। ধর্মীয় মৌলবাদীদের জেহাদের জ্বালানি হলো সাম্রাজ্যবাদ। উভয় শক্তিই বস্তুবাদী দর্শন ও জাতীয়তাবাদের শত্রু। ফ্যানাটিক নাস্তিক কাসেম সাহেবদের জেহাদও বস্তুবাদী দর্শন ও জাতীয়তাবাদের বিরুদ্ধে, তাহলে আপনাদের জ্বালানি শক্তি কে? আপনাদের জেহাদের পিছনে যদি কোন শক্তির ইন্দন না থেকে থাকে, তবে ফ্যানাটিক নাস্তিকতা ও ইসলামের কুৎসা প্রচার পরিহার করে, ধরায় নেমে এসে ধর্ম নিরাপেক্ষতার বানী নিয়ে মানুষের মধ্যে সম্প্রীতি সৃষ্টি করুণ এবং সভ্যতা ও মানবতার শত্রু সাম্রাজ্যবাদ ও তার সহযোগী প্রতিক্রিয়াশীল এবং ধর্মীয় মৌলবাদের বিরুদ্ধে কলম ধরুণ।

সেতারা হাশেম ০৪/০৮/০৫